



পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ
বিদ্যাসাগর ভবন
৯/২, ব্লক - ডি জে, সেক্টর - ২, লবণ হ্রদ,
কলকাতা - ৭০০০৯১

নং: এল/সেকি/৭২/২০১৪

তাং: ২১/১১/২০১৪

উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০১৫
(নতুন সিলেবাস)
Notification

রাজ্য সরকারের সিলেবাস কমিটি নির্ধারিত উচ্চমাধ্যমিক স্তরের নতুন সিলেবাস ২০১৩ সাল থেকে চালু হয়েছে এবং এই সিলেবাস অনুসারে ২০১৫ সালের প্রথম উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হবে।


এই সিলেবাস অনুযায়ী MCQ (MULTIPLE CHOICE QUESTION) এবং SAQ (SHORT ANSWER TYPE QUESTION) ধরনের প্রশ্ন সম্বলিত question cum answer booklet এবং প্রচলিত প্রশ্নপত্র প্রথম চালু হচ্ছে।

উচ্চমাধ্যমিকের (একাদশ ও দ্বাদশ) পৃথক পৃথক Question Structure সহ sample question এর বই আগেই প্রকাশিত হয়েছে এবং ছাত্রছাত্রীরা প্রশ্নাবলী সম্পর্কে অবগত হয়েছে এবং এই প্রশ্নকাঠামোর ভিত্তিতে ২০১৪ সালের একাদশ শ্রেণীর বার্ষিক পরীক্ষায় বসেছে।

আসন্ন পরীক্ষার উত্তরপত্রের দুটি অংশ থাকছে-বর্ণনামূলক প্রশ্নের উত্তর লেখার জন্য প্রচলিত ৮ পাতার উত্তরপত্র (part A) এবং প্রতিটি ১ নম্বরের প্রশ্ন-সম্বলিত Question-cum-answer booklet (part B)।

পরীক্ষার্থীদের প্রচলিত উত্তরপত্র (part A) এবং Question cum answer booklet (part B)-উভয়ক্ষেত্রেই নিজেদের সঠিক নাম, রোলনম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় লিখতে হবে এবং পরীক্ষা শেষ হবার অন্তত আধঘণ্টা আগে দুটি অংশই (part A & part B) যুক্ত করে উত্তরপত্রটি জমা দিতে হবে।

পরীক্ষা শেষ হবার আধঘণ্টা আগে পরীক্ষার্থীদের ক্যাম্পাস/Venue ছাড়ার অনুমতি দেওয়া যেতে পারে।


অধ্যাপক সুব্রত ঘোষ
সচিব
প.ব. উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ